

মুখ্তাসার সহীহ আল-বুখারী

হাদিস নামারঃ ১০৫ [আন্তর্জাতিক নামারঃ ১২৫]

৩. কিতাবুল ইলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ আল্লাহর বাণীঃ তোমাদেরকে খুব অল্প জ্ঞানই প্রদান করা হয়েছে

بَابُ قَوْلِ اللَّهِ تَعَالَى: {وَمَا أُوتِيْتُمْ مِنَ الْعِلْمِ إِلَّا قَلِيلًا}

আরবী

..... عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: بَيْنَا أَنَا أَمْشِي مَعَ النَّبِيِّ فِي خَرِبِ الْمَدِينَةِ وَهُوَ يَتَوَكَّلُ عَلَى عَسِيبٍ مَعَهُ، فَمَرَّ بِنَفْرٍ مِنَ الْيَهُودِ، فَقَالَ بَعْضُهُمْ لِبَعْضٍ: سُلُوهُ عَنِ الرُّوحِ، وَقَالَ بَعْضُهُمْ: لَا تَسْأَلُوهُ لَا يَجِيءُ فِيهِ بِشَيْءٍ تَكْرَهُونَهُ، فَقَالَ بَعْضُهُمْ: لَنَسْأَلَنَّهُ، فَقَامَ رَجُلٌ مِنْهُمْ فَقَالَ: يَا أَبَا الْقَاسِمِ، مَا الرُّوحُ؟ فَسَكَتَ، فَقُلْتُ: إِنَّهُ يُوْحَى إِلَيْهِ، فَقُمْتُ، فَلَمَّا أَنْجَلَ عَنْهُ، قَالَ: ﴿وَيَسْأَلُونَكَ عَنِ الرُّوحِ قُلِ الرُّوحُ مِنْ أَمْرِ رَبِّيِّ وَمَا أُوتِيْتُمْ مِنَ الْعِلْمِ إِلَّا قَلِيلًا﴾

(بخاري: ১০৫)

বাংলা

১০৫) আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সাথে মদীনার কোন অনাবাদী ভূমির উপর দিয়ে পথ চলছিলাম। তিনি একটি খেজুর গাছের লাঠির উপর ভর দিয়ে হাটছিলেন। এমন সময় তিনি এক দল ইহুদীর পাশ দিয়ে অতিক্রম করলেন। তারা পরম্পর বলতে লাগলঃ তাঁকে রুহ সম্পর্কে প্রশ্ন করো। অন্যরা বললঃ তাঁকে কোন প্রশ্নই করোনা। হতে পারে তিনি এমন কথা বলবেন, যা তোমাদের নিকট অপছন্দনীয় হবে। অপর কিছু লোক বললঃ আমরা অবশ্যই তাঁকে প্রশ্ন করবো। তাদের এক লোক বললঃ হে আবুল কাসেম! রুহ কী? (প্রশ্ন শুনে) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম চুপ হয়ে গেলেন। ইবনে মাসউদ বলেনঃ আমি তাঁর অবস্থা দেখে বুঝতে সক্ষম হলাম যে, তাঁর উপর অহী নাযিল হচ্ছে। তাই আমি দাঁড়িয়ে গেলাম। যখন অহী নাযিল হওয়া শেষ হল তখন তিনি কুরআনের এই আয়াত পাঠ করলেনঃ

﴿وَيَسْأَلُونَكَ عَنِ الرُّوحِ قُلِ الرُّوحُ مِنْ أَمْرِ رَبِّيِّ وَمَا أُوتِيْتُمْ مِنَ الْعِلْمِ إِلَّا قَلِيلًا﴾

“তারা তোমাকে রুহ সম্পর্কে জিজ্ঞেস করছে। তুমি তাদেরকে বলে দাও, রুহ আমার রবের একটি নির্দেশ মাত্র। আর তোমাদেরকে খুব অল্প জ্ঞানই প্রদান করা হয়েছে”। (সূরা বানী ইসরাইলঃ ৮৫)

English

The Statement of Allah Ta'alā: "And of knowledge you (mankind) have been given only a little"

Narrated `Abdullah:

While I was going with the Prophet (ﷺ) through the ruins of Medina and he was reclining on a date-palm leaf stalk, some Jews passed by. Some of them said to the others: Ask him (the Prophet) about the spirit. Some of them said that they should not ask him that question as he might give a reply which would displease them. But some of them insisted on asking, and so one of them stood up and asked, "O Abul-Qasim ! What is the spirit?" The Prophet (ﷺ) remained quiet. I thought he was being inspired Divinely. So I stayed till that state of the Prophet (while being inspired) was over. The Prophet (ﷺ) then said, "And they ask you (O Muhammad) concerning the spirit --Say: The spirit -- its knowledge is with my Lord. And of knowledge you (mankind) have been given only a little)." (17.85)

ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ১২৭

ইসলামিক সেন্টারঃ ১২৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88800>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন